অবিলম্বে প্রকাশের জন্য: 11/10/2025 **গভর্নর ক্যাথি হোকল**

নতুন নিরাপত্তা বিধিমালা এখন কার্যকর হয়েছে জানিয়ে গভর্নর হোকল এআই কম্প্যানিয়ন কোম্পানিগুলোর উদ্দেশে চিঠি পাঠিয়েছেন

এই নতুন আইন অনুযায়ী, এআই কম্প্যানিয়ন কোম্পানিগুলোকে ব্যবহারকারীর নিরাপত্তা নিশ্চিত করতে বিশেষ ব্যবস্থা নিতে হবে এবং দীর্ঘ সময় ধরে ব্যবহারকারীর সম্পৃক্ততা দেখা গেলে তাদেরকে সতর্কমূলক নোটিফিকেশন দিতে হবে

এখন থেকে ব্যবহারকারী যদি আত্মহত্যা বা আত্ম-ক্ষতির কথা উল্লেখ করে, তা শনাক্ত করে এআই কম্প্যানিয়নগুলোকে অবিলম্বে নিরাপত্তা প্রোটোকল চালু করতে হবে এবং তাদেরকে ক্রাইসিস সেন্টারগুলোর নিকট রেফার করতে হবে

এই উদ্যোগ গভর্নর হোকলের সেই অঙ্গীকারেরই সম্প্রসারণ যার মাধ্যমে তিনি নিউ ইয়র্কবাসীকে ডিজিটাল ক্ষতির হাত থেকে রক্ষা করতে এবং জনকল্যাণমূলক উদ্দেশ্যে এআই ব্যবহারকে এগিয়ে নিতে প্রতিশ্রুতিবদ্ধ।

কোম্পানিগুলোর উদ্দেশ্যে প্রেরিত উন্মুক্ত চিঠিটি দেখুন এখানে

আজ গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) এই ঘোষণা দিয়েছেন ডর নিউ ইয়র্কে এআই কম্প্যানিয়ন (AI Companion) সিস্টেমগুলোর জন্য দেশব্যাপী অগ্রণী নিরাপত্তা ব্যবস্থা এখন কার্যকর হয়েছে। গভর্নরের চলতি বছরের নির্বাহী বাজেটের অংশ হিসেবে প্রণীত এই আইনটি অনুযায়ী, এআই কম্প্যানিয়ন ব্যবহারকারীদের নিরাপত্তা নিশ্চিত করতে হবে এবং দীর্ঘ সময় ধরে ব্যবহারকারীরা সিস্টেমটির সঙ্গে যুক্ত থাকলে তাদের মাঝে নোটিফিকেশন পাঠিয়ে বিরতি নেওয়ার আহ্বান জানাতে হবে। এখন থেকে এআই কম্প্যানিয়নগুলোকে ব্যবহারকারী আত্মহত্যাপ্রবণ চিন্তাভাবনা বা আত্ম-ক্ষতির ইঙ্গিত দিলে তা শনাক্ত করে একটি নিরাপত্তা প্রোটোকল কার্যকর করতে হবে যার মধ্যে ব্যবহারকারীকে ক্রাইসিস সেন্টার (Crisis Center)-এ রেফার করাও অন্তর্ভুক্ত থাকবে। এই আইন আরো নির্ধারণ করে যে, ব্যবহারকারী টানা তিন ঘণ্টা সিস্টেমটি ব্যবহার করলে, এআই কম্প্যানিয়ন অপারেটরদের অবশ্যই ব্যবহারকারীকে স্মরণ করিয়ে দিতে হবে যে তারা কোনো মানুষের সঙ্গে নয়, বরং একটি কৃত্রিম বুদ্ধিমত্তা সিস্টেমের সঙ্গে রয়েছেন। এআই কম্প্যানিয়ন আইনটি গভর্নর হোকলের সেই অঙ্গীকারেরই সম্প্রসারণ যার মাধ্যমে তিনি নিউ ইয়র্কবাসীকে ডিজিটাল ক্ষতির হাত থেকে রক্ষা করতে এবং জনকল্যাণমূলক উদ্দেশ্যে এআই ব্যবহারকে এগিয়ে নিতে প্রতিশ্রুতিবদ্ধ। সংশ্লিষ্ট কোম্পানিগুলোর উদ্দেশ্যে প্রকাশিত সেই উন্মুক্ত চিঠিটি দেখা যাবে এখানে।

“আমাদের পৃথিবীকে গড়ে তুলতে যেসব উদ্ভাবনী প্রযুক্তি ভূমিকা রাখছে, সেই প্রযুক্তিগুলো যেন ব্যবহারকারীদের—বিশেষ করে পুরো স্টেটের শিশু ও তরুণদের—নিরাপত্তা বিঘ্নিত না করে, তা নিশ্চিত করা নেতাদের দায়িত্ব,” **গভর্নর Hochul (হোকল) বলেন।** “আমি কোম্পানিগুলো ও স্টেট সরকারের সহকর্মীদের সঙ্গে কাজ করতে আগ্রহী যাতে আমরা একসঙ্গে নিউ ইয়র্ক স্টেটকে দায়িত্বশীল কৃত্রিম বুদ্ধিমত্তার ভবিষ্যতের পথে বৈশ্বিক নেতৃত্বের অবস্থান ধরে রাখতে পারি।”

অ্যাটর্নি জেনারেল Letitia James (লেটিশিয়া জেমস) বলেন, “এআই বটের প্ররোচনায় কেউ যদি নিজেকে আঘাত করে বা আত্মহত্যা করে, সেই ধরনের ঘটনার গল্পগুলো খুবই হৃদয়বিদারক। এআই কম্প্যানিয়নগুলোর দায়িত্ব হচ্ছে তাদের ব্যবহারকারীদের সুরক্ষা দেওয়া এবং নিশ্চিত করা যে তাদের তৈরি উপাদানগুলো কখনো ব্যবহারকারীদের প্রভাবিত বা ক্ষতিগ্রস্ত না করে। কোনো কোম্পানিই এমন কোনো এআই কার্যক্রম থেকে মুনাফা অর্জন করতে পারে না যা ব্যবহারকারীদের ঝুঁকির মধ্যে ফেলে। এআই সুরক্ষা নিশ্চিত করতে গভর্নর Hochul (হোকল)-এর দৃঢ় পদক্ষেপের জন্য আমি তাকে ধন্যবাদ জানাই এবং আমি দ্বিধা করব না এমন কোনো কোম্পানিকে জবাবদিহিতার আওতায় আনতে যারা অনিরাপদ এআই কার্যক্রম দিয়ে নিউ ইয়র্কবাসীদের ক্ষতি করছে।”

“এআই কম্প্যানিয়নগুলো” ব্যবহারকারীদের সাথে মানবিক সম্পর্কের অনুকরণে তৈরি করা হয় — যেমন, কৃত্রিম বন্ধুত্ব বা রোমান্টিক সঙ্গীর ভূমিকায় থাকা। এই সিস্টেমগুলো ব্যবহারকারীর ব্যক্তিগত তথ্য মনে রাখতে পারে, তাদের পছন্দ অনুযায়ী নিজস্ব ব্যক্তিত্ব সামঞ্জস্য করতে পারে এবং ব্যবহারকারীদের দীর্ঘসময় সম্পৃক্ত রাখতে ডিজাইন করা হয়। সাম্প্রতিক প্রতিবেদনে দেখা গেছে, এআই কম্প্যানিয়নের ব্যবহার ক্রমেই বৃদ্ধি পাচ্ছে এবং কিছু বিশেষজ্ঞ সতর্ক করেছেন যে এই ধরনের সিস্টেম অপ্রাপ্তবয়স্ক বা ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীর জন্য নিরাপদ নয়। নিউ ইয়র্কবাসীদের ডিজিটাল ক্ষতি থেকে সুরক্ষিত রাখতে, 26 অর্থবর্ষের নির্বাহী বাজেটের অংশ হিসেবে গভর্নর Hochul (হোকল) নতুন নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিত করেছেন — যা এখন জেনারেল বিজনেস ল আর্টিকেল 47 হিসেবে কার্যকর যেখানে কোম্পানিগুলোর উপর ব্যবহারকারীদের সুরক্ষার ব্যবস্থা গ্রহণ এবং সহায়তা চাওয়ার জন্য প্রয়োজনীয় রিসোর্স প্রদানের বাধ্যবাধকতা আরোপ করা হয়েছে।

নতুন আইনের অধীনে দায়িত্বসমূহ

5 নভেম্বর, 2025 তারিখ থেকে কার্যকর এআই কম্প্যানিয়ন পরিচালনাকারীদের অবশ্যই যা করতে হবে:

- ক্রাইসিস বিষয়ক সহায়তার জন্য নিরাপত্তা প্রোটোকল প্রয়োগ: এআই কম্প্যানিয়নকে এমন ব্যবস্থা রাখতে হবে যাতে আত্মহত্যার প্রবণতা বা আত্ম-ক্ষতির কোনো ইঙ্গিত শনাক্ত করা যায় এবং ব্যবহারকারীকে তাৎক্ষণিকভাবে ক্রাইসিস সার্ভিস পরিষেবার সাথে যুক্ত করা যায়।
- দীর্ঘক্ষণ ব্যবহারের ক্ষেত্রে বিরতি: কৃত্রিম বুদ্ধিমত্তার সঙ্গে যোগাযোগ করার সময় ব্যবহারকারীদের স্পষ্ট ও নিয়মিতভাবে জানাতে হবে যে তারা একজন মানুষের সঙ্গে নয়, বরং একটি কৃত্রিম বুদ্ধিমত্তা সিস্টেমের সঙ্গে যোগাযোগ করছেন যা একটি বিজ্ঞপ্তি

আকারে প্রতিটি সেশনের শুরুতে এবং ধারাবাহিক ব্যবহারের প্রতি তিন ঘণ্টা অন্তর প্রদর্শন করতে হবে।

এই নির্দেশনা অমান্য করা হলে নিউ ইয়র্ক অ্যাটর্নি জেনারেল (New York Attorney General) কর্তৃক শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে এবং সংগৃহীত জরিমানার অর্থ নিউ ইয়র্ক স্টেটের আত্মহত্যা প্রতিরোধ কর্মসূচির তহবিলে ব্যবহার করা হবে।

স্টেট সিনেটর Kristen Gonzalez (ক্রিস্টেন গঞ্জালেজ) বলেন, "এই সহযোগী আইনের মতো এআই আইন প্রণয়নের জন্য স্টেট আইনসভা এবং গভর্নরের সাথে কাজ করতে পেরে আমি সত্যিই গর্বিত। চ্যাটবটের মতো এআই সরঞ্জামগুলো গৃহীত হওয়ায়, আমরা রিয়েল টাইমে প্রতিক্রিয়াশীল বাস্তব নিয়ন্ত্রণের প্রভাব দেখতে পাচ্ছি। কোম্পানিগুলো ইতোমধ্যেই শিশুদের সুরক্ষা দিতে এবং চিকিৎসা, আইনি বা আর্থিক পরামর্শের মতো নির্দিষ্ট ধরনের বিষয়বস্তু নিরীক্ষণ করার জন্য তাদের নীতিমালা পরিবর্তন করছে। নিউ ইয়র্ককে একটি দায়িত্বশীল এআই নেতা হিসাবে গড়ে তোলার উপর জোর দেওয়ার জন্য গভর্নর Hochul (হোকল)-কে ধন্যবাদ জানাই এবং এআই-এর ক্ষেত্রে জনকল্যাণকে সবার আগে রাখার আইনগুলো পাস করার জন্য একসাথে কাজ করা চালিয়ে যাওয়ার অপেক্ষায় আছি।"

অ্যাসেম্বলিমেম্বার স্টিভ ওটিস বলেন, "2025-26 অর্থবছরের স্টেট বাজেটে এআই কম্প্যানিয়ন টুলস ব্যবহারকারীদের জন্য গুরুত্বপূর্ণ সুরক্ষা ও নোটিফিকেশন অন্তর্ভুক্ত করা হয়েছে। বিশেষভাবে গুরুত্বপূর্ণ হলো 'ব্যবহারকারীর আত্মহননের চিন্তাভাবনা বা আত্ম-ক্ষতির অভিপ্রায় শনাক্ত ও সমাধানের জন্য যুক্তিসঙ্গত প্রচেষ্টা গ্রহণের দায়িত্ব' এবং ব্যবহারকারীকে বারবার জানানো যে তিনি একজন মানুষ নয়, বরং একটি এআই টুলের সঙ্গে যোগাযোগ করছেন। এই সুরক্ষাগুলো গভর্নর Hochul (হোকল) এবং আইনসভার উভয় কক্ষের নেতৃত্বের আরেকটি দৃষ্টান্ত যারা কৃত্রিম বুদ্ধিমত্তার মতো দ্রুত বিকাশমান প্রযুক্তির সঙ্গে তাল মিলিয়ে চলছেন।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন